কুষ্টিয়ায় সজীব গ্রুপ ও রোনিতা ফুডের প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

কুষ্টিয়ায় রোনিতা ফুড ও সজীব গ্রুপের উদ্যোগে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেলে শহরের একটি খেলার মাঠে আয়োজিত এ খেলায় নবীন ও প্রবীণ খেলোয়াড়দের অংশগ্রহণে সৃষ্টি হয় প্রাণবন্ত পরিবেশ।

আয়োজনে সহযোগিতা করে সজীব গ্রুপের কোমল পানীয় পিওরো কোলা। খেলাটি ঘিরে ছিল উৎসবমুখর আবহ, যেখানে জয়-পরাজয়ের চেয়ে সম্প্রীতি ও আনন্দই ছিল মূল আকর্ষণ।

সজীব গ্রুপের ডিপো প্রধান আক্তার হোসেন বলেন, “কোমল পানীয় পিওরো কোলার সহযোগিতায় আমরা এই ফুটবল খেলার আয়োজন করেছি। এতে একসময়ের প্রবীণ খেলোয়াড়দের অংশগ্রহণ ছিল বিশেষ আকর্ষণ।”

তিনি আরও বলেন, “এ ধরনের আয়োজন শুধু বিনোদন নয়, বরং সহমর্মিতা ও বন্ধনকে আরও দৃঢ় করে। কোম্পানির সহযোগিতায় ভবিষ্যতেও এমন খেলাধুলা অব্যাহত রাখার আহ্বান জানাচ্ছি।”

রোনিতা ফুডের পরিচালক এস এম জামাল বলেন, “খেলাধুলা করলে শরীর ও মন ভালো থাকে। আমরা আমাদের কোম্পানির সংশ্লিষ্টদের সমন্বয়ে এই আয়োজন করেছি, যেখানে নবীন ও প্রবীণদের মধ্যে সৌহার্দ্য ও বন্ধন আরও দৃঢ় হয়েছে।”

খেলায় অংশগ্রহণকারীরা জানান, এ ধরনের উদ্যোগ নিয়মিত হলে কর্মব্যস্ত জীবনের মাঝে কিছুটা স্বস্তি মিলবে এবং পারস্পরিক সম্পর্ক আরও গভীর হবে।

খেলায় অংশ নেওয়া এক প্রবীণ খেলোয়াড় বলেন, “দীর্ঘদিন পর আবার ফুটবল খেললাম। একসময় বিভিন্ন টুর্নামেন্টে নিয়মিত অংশ নিতাম। কিন্তু সময়ের পরিক্রমায় আর খেলা হয়নি। আজ এতদিন পর মাঠে নেমে খেলতে পেরে সত্যিই খুব ভালো লাগছে।”

তিনি আরও বলেন, “এই আয়োজন আমাদের পুরোনো দিনের স্মৃতিগুলো আবার ফিরিয়ে এনেছে।”

মেহেরপুর সরকারি মহিলা কলেজে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

মেহেরপুর সরকারি মহিলা কলেজ মাঠে শিক্ষক-শিক্ষার্থীদের বিপুল উপস্থিতিতে অনুষ্ঠিত হয়েছে জুলাই গণঅভ্যুত্থান প্রমিলা প্রীতি ফুটবল ম্যাচ। গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত এ খেলায় মানবিক শাখা ও বিএনসিসি-রোভারের সদস্যরা অংশগ্রহণ করেন।

ম্যাচের উদ্বোধন করেন, কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল ওয়াদুদ। এসময় উপস্থিত ছিলেন, উপাধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন, কাজী আশরাফুল আলম, আব্দুল হামিদ, মিরাজ উদ্দিন ও ইকরামুল হাসান লোটাসসহ অনেকে। ম্যাচ পরিচালনা করেন মেহেরপুর সরকারি কলেজের শরীরচর্চা শিক্ষক আলমগীর হোসেন।

খেলা শেষে অংশগ্রহণকারী ফুটবলারদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

গাংনীর গাড়াবাড়ীয়াতে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

গাংনীর গাড়াবাড়ীয়াতে বিবাহিত ও অবিবাহিত খেলোয়াড়দের ফুটবল প্রীতি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেল ৪ টার সময় গাড়াবাড়ীয়া স্কুল এন্ড কলেজ মাঠে এ প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়।

এ খেলায় একদিকে অংশ গ্রহন করেন বিবাহিত ফুটবল খেলোয়াড় বৃন্দ অপরদিকে অংশগ্রহণ করেন অবিবাহিত ফুটবল খেলোয়াড় বৃন্দ।

এসময় খেলায় বিবাহিত খেলোয়াড়দের পক্ষে ক্যাপটেন মামুনর রশীদ,

অবিবাহিত ফুটবল খেলোয়াড়দের পক্ষে ক্যাপ্টেন ছিলেন রাজীব হোসেন ও রেপারির দায়িত্ব পালন করেন রোকনুজ্জামান রাজা।

উক্ত খেলার শুভ উদ্বোধন করেন গাড়াবাড়ীয়া ২ নং ওয়ার্ডের মেম্বর জিনারুল ইসলাম জিনা। উপস্থিত ছিলেন ক্রিড়া প্রেমী ও সন্ধানী স্কুল এন্ড কলেজের গেট টিচার ইমদাদুল হক, ইয়ারুল ইসলাম, মিজারুল ইসলাম।

খেলায় ৪-১ গোলে অবিবাহিত ফুটবল খেলোয়াড়রা জয় লাভ করেন।

গাংনী নওয়াপাড়া বাজার কমিটির আয়োজনে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

গাংনী উপজেলার নওয়াপাড়া বাজার কমিটির আয়োজনে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে ভাটপাড়া ফুটবল মাঠে খেলা অনুষ্ঠিত হয়। খেলায় এক দিকে অংশ গ্রহন করেন নওপাড়া বাজারের দক্ষিণ পার্শের ব্যবসায়ী অপরদিকে অংশ গ্রহন করেন উত্তর পার্শের ব্যবসায়ী বৃন্দ।

৯০ মিনিটের খেলায় ১-১ গোলে ড্র করেন উভয় দলের খেলোয়াড়। মাঠের কানাই কানাই পূর্ণ হয়ে ফুটবল খেলা উপভোগ করেন ফুটবল প্রীয় দর্শক।

খেলা পরিচালনা করেন ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক আতিয়ার রহমান। তার সহযোগিতায় সহকারী ছিলেন আদিল আহমেদ ও আরিফুল ইসলাম। দুই দলের সমতা গোলে খেলা নিষ্পত্তি করা হলেও দুই দলের খেলোয়াড় দের মাঝে মেডেল ও ট্রফি বিতরণ করা হয়। ট্রফি বিতরণ করেন নওপাড়া বাজার কমিটির সভাপতি আবুল বাসার ও সাধারণ সম্পাদক আরাফাত হোসেন।

এসময় উপস্থিত ছিলেন, বাজার কমিটির সহ সভাপতি হেলাল আহমেদ, কৃতি

ফুটবলার আসাদুজ্জামান চৌধুরী মুকুল,সাংবাদিক আকতারুজ্জামান, প্রবীণ ব্যাক্তিত্ব হাজি ইয়াকুব আলী,রকিবুল ইসলামসহ স্থানীয় ব্যাক্তিবর্গ।

ধারা বিবরনে ছিলেন ইয়ারুল ইসলাম,আরিফ ও জয়নাল আবেদিন। ট্রফি গ্রহন করেন দুই দলের অধিনায়ক মিরাজুল ইসলাম মিলন ও নাজমুল হক।